# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ৩ | ৪ |

শ্রেণি ঃ ৭ম

বিষয় ঃ কৃষি শিক্ষা (সৃজনশীল)

সময়—২ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান— ৭০

[বিশেষ দ্রষ্টব্যঃ—- ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১। সাদিকের বাড়িটি কম বৃষ্টিপাত প্রবণ অঞ্চলে হলেও প্রচুর শাকসবজি উৎপাদন হয়। সাদিক কিছু টাটকা সব্জি নিয়ে মায়ের সাথে চট্টগ্রামের টিলাতলা মামাবাড়ি বেড়াতে যায়। সেখানে একদিন সে দেখে হঠাৎ করে আকাশ ঘনকালো মেঘে ঢেকে আসে ও ঝড় বাতাস বইতে শুরু করে এরপর শুরু হয় বৃষ্টি।

ক) ফসলের মৌসুম বলতে কী বুঝ? ১

খ) আলুকে কার্ডিনাল তাপমাত্রার সবজি বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের আলোকে সাদিকের কৃষি অঞ্চলের ফসলের বৈশিষ্ট্য মৌসুম অনুযায়ী বর্ণনা কর। ৩

ঘ) সাদিক ও তার মামা বাড়ি অঞ্চলে আবহাওয়ার বৈশিষ্ট্যের তুলনা কর। ৪

২। বিভাগ-১ : লালশাক, বেগুন, মরিচ, পেঁপে, কলা।

বিভাগ-২ : আলু, মুলা, ফুলকপি, মিষ্টিকুমড়া, ঝিঙ্গা।

ক) বারমাসি ফসল কী? ১

খ) খরিপ-১ মৌসুমের তিনটি বৈশিষ্ট্য লেখ। ২

গ) বিভাগ-১ এর ফসলগুলো সারা বছর পাওয়া যায় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) বিভাগ-২ এর ফসলগুলো সারা বছর প্রক্রিয়া সম্ভব কিনা বিশ্লেষণ কর। ৪

৩। সুমনা যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে মুরগী পালনের সিদ্ধান্ত নেয়। সে দেশী ডিমপাড়া ১০টি মুরগি কিনে আনে এবং মুক্ত পরিবেশে পালন শুরু করে। কিছুদিনের মধ্যেই মুরগীগুলো ডিম দিতে শুরু করে এবং সুমনার পরিবারে স্বচ্ছলতা ফিরে আসে। এদেশে সুমনার প্রতিবেশী শিউলীও তার দেখাদেখি মুরগী পালনে উদ্বুদ্ধ হয়ে ২০টি ফাইওমি জাতের মুরগী ক্রয় করে মুরগী পালনের সিদ্ধান্ত দেয়। কিছুদিন যেতেই শিউলীর মুরগী ৩টি মৃত ও কেশ কয়েকটি মুরগীকে ঝিমুতে দেখা যায়।

ক) রোগ বলতে কি বুঝ? ১

খ) মুরগীকে টিকা দেওয়া হয় কেন? ২

গ) মুরগী পালনে সুমনার সফলতার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) শিউলীর ব্যর্থতার কারণ বিশ্লেষণ পূর্বক তোমার মতামত দাও? ৪

৪। সফি মিয়া তার দক্ষিণ পাশের উচু ও পূর্ব পাশের নিচু দুই ভিন্ন বৈশিষ্ট্য সম্পন্ন মাটি পেঁপে চাষের সিদ্ধান্ত নেন। এ লক্ষে জৈষ্ঠ্য মাসের মাঝামাঝি সময়ে জমি তৈরী, সার প্রয়োগ, চারা রোপনসহ অন্যান্য পরিচর্যা যথাযথভাবে সম্পন্ন করেন। কিন্তু কিছুদিন পর তিনি লক্ষ করেন যে, দক্ষিণ পাশের পেঁপে গাছগুলোর স্বাভাবিক অবস্থা থাকলেও পূর্ব পাশের কিছু কিছু চারা ঢলে পড়েছে ও পাতা হলদে ভাব হয়েছে।

ক) বস্তুগত উপকরণ ব্যয় কাকে বলে? ১

খ) অতিবৃষ্টি রজনীগন্ধা চাষে ঝুকিবাড়ায় কেন? ব্যাখ্যা কর। ২

গ) সফি মিয়ার দক্ষিণ পাশের পেঁপে গাছগুলোর স্বাভাবিক হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) বাড়ির পূর্ব পাশের গাছগুলোর উদ্ভূত সমস্যা সমাধানের উপায় বিশ্লেষণ কর। ৪

৫। পারুল বেগম তার খামারে কিছু মুরগীর অস্বাভাবিক অবস্থা দেখতে পান। তিনি বুঝতে পারেন মুরগীর রোগ হয়েছে। দ্রুত তিনি একজন পশুচিকিৎসক এর কাছে গেলেন। তিনি পারুল বেগমকে আতঙ্কিত হতে না বলেন। এবং রোগ প্রতিরোধ ও প্রতিকারের কিছু পরামর্শ দেন।

ক) রোগ কী? ১

খ) মুরগীর ভাইরাস ও ব্যাকটেরিয়া জনিত ২টি করে রোগের নাম লেখ? ২


গ) পারুল মুরগীগুলোর মধ্যে কেমন অস্বাভাবিক অবস্থা/লক্ষণ দেখতে পান? ব্যাখ্যা কর। ৩

ঘ) পশু চিকিৎসকের পরামর্শের ব্যাপারে তোমার মতামত দাও? ৪

৬। সজিব প্রায়ই পেটের অসুখ ও চর্মরোগে ভোগে। গ্রীষ্মের ছুটিতে গ্রামের বাড়িতে এলে দাদা সজিবকে তার বাগানের একটি গাছের পাতা ও বাকলের রস খাওয়ান ও শরীরে লাগিয়ে দেন। এতে সে সুস্থ হয়ে ওঠে। এ ছাড়া তার দাদা বাগানের একটি ফলের বাগানও ঘুরিয়ে দেখান। সজিবকে তার দাদা আকারে সর্বাপেক্ষা বড় ও বিশেষ গুণ সম্পন্ন ঐ ফলটি সম্পর্কে ধারণা দেন।


ক) মেহগনি গাছের একটি প্রজাতির নাম লেখ? ১
খ) বাঁশকে নির্মাণ সামগ্রী বলার কারণ কী লিখ। ২
গ) সজিবের দাদার বাগানের ঐ ফলটি বিশেষ গুণ সম্পন্ন কেন, কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ) গ্রামীণ জনস্বাস্থ্য ও পরিবেশ বান্ধব কৃষিতে সজিবের ব্যবহার করা গাছটির উপযোগিতা বিশ্লেষণ কর। ৪

৭।




ক) পত্রঝরা উদ্ভিদ কাকে বলে? ১
খ) কাঁঠাল গাছকে বন্যামুক্ত স্থানে রোপন করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ) উপরের চিত্রে প্রদর্শিত ক ও খ এর মধ্যে কোন পদ্ধতিটি কৃত্রিমভাবে বংশবিস্তারে ব্যবহার করা হয় তা ব্যাখ্যা কর। ৩
ঘ) কৃষিজ সামগ্রী নির্মাণ সামগ্রী কাজে চিত্রে প্রদর্শিত উদ্ভিদটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

৮।




চিত্র : বারো মাসের ভিত্তিতে কৃষি মৌসুমের গ্রাফ

ক) আবহাওয়া ও জলবায়ুর ভিত্তিতে বাংলাদেশকে কয়টি কৃষি অঞ্চলে ভাগ করা হয়? ১
খ) কোন পরিস্থিতিতে শীতকালে ফসলের রোগ জীবাণু বিস্তার ঘটে, ব্যাখ্যা কর। ২
গ) গ্রাফে চিহ্নিত কৃষি মৌসুমের কোন অংশটিকে সেচের তেমন প্রয়োজন হয় না, কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ) চিত্রে 'গ' চিহ্নিত কৃষি মৌসুমের ফসলে তাপমাত্রার প্রভাব মূল্যায়ন কর। ৪


৯। জালাল ১০ শতক জমিতে পেপে চাষ করল। সে ৩০০ টাকার বীজ ৩২০০ টাকার সার, ৫০০ টাকার বাঁশ ও সুতলি। পানি সেচ বাবদ তার খরচ হলো ২০০০ টাকা বীজতলা তৈরী ও বীজবপণে খরচ হলো ৬০০ টাকা। মাদা তৈরী ও চারারোপণ ও নিড়ানীতে খরচ হলো ২৩০০ টাকা। নিজেও সে যথেষ্ট শ্রম দিল। সে তার পেঁপে বিক্রি করে পেল ৩২০০০ টাকা।

ক) সামগ্রীক আয় কী? ১
খ) কখন ফসল উৎপাদনে যাওয়া উচিত নয়-ব্যাখ্যা কর। ২
গ) জালালের ব্যয় থেকে বস্তুগত উপকরণ ব্যয়গুলো চিহ্নিত করে তালিকা তৈরী কর? ৩
ঘ) জালালের প্রকৃত আয় ব্যয় করে দেখাও যে, তার পেঁপে খামারটি লাভজনক? ৪

১০। সপ্তম শ্রেণির ছাত্র রহিম বই পড়ে কাঁঠাল চারা রোপণ পদ্ধতি জেনে বাড়ির আঙ্গিনায় কিছু কাঁঠাল চারা লাগানোর জন্য তার বাবার অনুমতি চাইল। তার বাবা খুশি হয়ে অনুমতি দিল। সাথে সাথে একটা টবে নিমের চারাও লাগাতে বলল।

ক) চারা সংরক্ষণের জন্য কী করতে হবে? ১
খ) কাঁঠাল পুষ্ট হয়েছে কিনা কীভাবে বুঝা যাবে? ২
গ) আঙ্গিনায় চারা লাগানোর জন্য রহিম কিভাবে জমি তৈরি করবে? বর্ণনা কর। ৩
ঘ) টবে চারা লাগানোর জন্য রহিমকে কী কী করতে হবে? পরামর্শ দাও। ৪

১১।




ক) উদ্ভিদজাত ঔষধের প্রধান গুণ কোনটি? ১
খ) কৃষির উৎপত্তি হয়েছিল কেন? ২
গ) কৃষির উপর মানুষের নির্ভরশীলতা উদ্দিপকের আলোকে ব্যাখ্যা কর? ৩
ঘ) "কৃষিকে বাদ দিয়ে আধুনিক সভ্যতা অচল"-বিশ্লেষণ কর? ৪